

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা।

নং- ডিজিএইচএস/শংখলা-১৮৩/২০২১/

তারিখ- / / ২০২২খ্রি:

আদেশ

যেহেতু জনাব মোঃ মামুনুর রশিদ, স্বাস্থ্য সহকারী, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়, সদর, গাজীপুর উর্ধ্বতন কর্তৃপক্ষ কোভিড-১৯ এর নমুনা সংগ্রহে বিরত থাকার আদেশ দেয়ার পরেও নমুনা সংগ্রহের কাজে নিয়মিত ছিলেন, সংগ্রহকৃত নমুনা সংরক্ষন ও পরীক্ষাগারে প্রেরনে গাফিলতি করিয়াছেন, পোর্টার মোঃ শাজাহান মিয়া কে নমুনা সংগ্রহ ও সংরক্ষন কার্যে নিয়োজিত করিয়াছেন যা মোঃ শাজাহান মিয়ার দায়িত্ব নয় এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে কাজের ব্যাপারে অবহিত করেননি যা তদন্ত প্রতিবেদনে প্রমাণিত।

যেহেতু তদন্ত প্রতিবেদনের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরের স্মারকনং-৫০৮৬ তারিখ-০১/১১/২০২১ইং মূলে বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু উক্ত কর্মচারী গত-০৮/১১/২০২১ইং তারিখে বিভাগীয় মামলার জবাব দাখিল করিয়াছেন। বিভাগীয় মামলার জবাবের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরের স্মারকনং-৫৩৭৮ তারিখ-১৮/১১/২০২১ইং মূলে ২৯/১১/২০২১ইং তারিখে ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়।

সেহেতু জনাব মোঃ মামুনুর রশিদ, স্বাস্থ্য সহকারী, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়, সদর, গাজীপুর এর বিষয়ে তদন্ত প্রতিবেদন, ব্যক্তিগত গুনানীর লিখিত জবানবন্দি ও অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনা করিয়া নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(ক) তাহাকে দায়িত্ব পালনে সতর্ক করা হইল।

(খ) তাহার বিরুদ্ধে রংজুকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হইল।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

প্রতিশ্ৰুতি

(অধ্যাপক ডাঃ মোঃ শামিউল ইসলাম)

পরিচালক(প্রশাসন)


স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং- ডিজিএইচএস/শংখলা-১৮৩/২০২১/২২৬৪/১(১)

তারিখ- ০৫/১০/২০২২খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ-সহকারী পরিচালক(সমন্বয়)।
- ২। পরিচালক(স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। পিভিল সার্জন, গাজীপুর। পত্রটি তাহার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সদর, গাজীপুর। পত্রটি তাহার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।
- ৫। জনাব মোঃ মামুনুর রশিদ, স্বাস্থ্য সহকারী, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়, সদর, গাজীপুর।

  
০৫/১০/২০২২

সহকারী পরিচালক(শংখলা)

মহাপরিচালক এর পক্ষে

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

